# ইরাকে যুক্তরাষ্ট্র-সৌদি যৌথ বিমান হামলায় নিহত ২০



ছবি: সংগৃহীত

ইরাকের সাতটি প্রদেশে যুক্তরাষ্ট্র ও সৌদি আরবের যৌথ বিমান হামলায় শিয়া মিলিশিয়া জোট পপুলার মোবিলাইজেশন ফোর্সেসের (পিএমএফ) অন্তত ২০ যোদ্ধা নিহত হয়েছেন। হামলায় আহত হয়েছেন আরও ৩২ জন।

বুধবার (২৯ জুলাই) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, বাগদাদ, ওয়াসিত, নিনাওয়া, বসরা, কিরকুক, কারবালা ও দিয়ালা প্রদেশের বিভিন্ন সামরিক স্থাপনা লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়। হামলায় পিএমএফের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনা, সামরিক যান এবং অস্ত্র ও সামরিক সরঞ্জাম ক্ষতিগ্রস্ত হয়েছে।

পিএমএফের পক্ষ থেকে জানানো হয়েছে, হতাহত ও ক্ষয়ক্ষতির যে তথ্য পাওয়া গেছে, তা প্রাথমিক। মাঠপর্যায়ে পূর্ণাঙ্গ মূল্যায়ন শেষ হলে হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে।

প্রতিবেদনে বলা হয়, গত ৭২ ঘণ্টায় ইরান-সমর্থিত গোষ্ঠীগুলোর চালানো ড্রোন হামলার জবাব হিসেবে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড ও সৌদি বিমান বাহিনী যৌথভাবে এই অভিযান পরিচালনা করেছে।

এদিকে হামলার ঘটনায় ইরাকের আইন প্রয়োগ ও দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের অভিযোগ উঠেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ইরাক সরকার ইতোমধ্যে উচ্চপর্যায়ের জরুরি বৈঠক ডেকেছে।